ভোরের কাগজ

তারিখ 29 NOV 1998
পৃষ্ঠা ১২ কলাম ৪

হয়েছে।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সেমিনারে বক্তারা

# দক্ষ জনশক্তি গড়তে শিক্ষা ব্যবস্থাকে অবশ্যই ঢেলে সাজাতে হবে

**চট্টগ্রাম অফিস** : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, 'প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি পর্যালোচনা ও সুপারিশ' শীর্ষক এক সেমিনারে বক্তারা বলেন, একুশ 'শতকের উপযোগী দক্ষ জনশক্তি গড়ে তুলতে হলে শিক্ষা ব্যবস্থাকে অবশ্যই ঢেলে সাজাতে হবে। এ জন্য শিক্ষকদের ঐকান্তিকতা প্রয়োজন এবং একাডেমিক কার্যক্রমে বিরাজিত স্থবিরতা দূর করা অত্যাবশ্যক।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি মিলনায়তনে অনুষ্ঠিত এই দুটি অধিবেশনের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান। প্রফেসর হামিদা বানুর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রথম অধিবেশনে প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতির নিম্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায় শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মমতাজ উদ্দিন পাটোয়ারী।

দ্বিতীয় অধিবেশনে বিশিষ্ট সমাজবিজ্ঞানী প্রফেসর অনুপম সেনের সভাপতিত্বে 'প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি : উচ্চতর শিক্ষা ও গবেষণা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. মাহবুবুল্লাহ।

উভয় অধিবেশনেরই বক্তারা প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতির বিভিন্ন দিক তুলে ধরে সুশিক্ষিত ও দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রণয়নের ওপর গুরুত্বারোপ করেন।

উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান শিক্ষাকে পণ্য হিসেবে ব্যবহার না করে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে শিক্ষার পথকে সুন্দর ও সুগম করার আহ্বান জানান। গতকাল দিনব্যাপী অনুষ্ঠিত সেমিনারে অধ্যাপক এম বদিউল আলম, প্রফেসর আসলাম ভুঁইয়া, প্রফেসর রণজিৎ দে, প্রফেসর হাসানুজ্জামান চৌধুরী, ড. ইরশাদ কামাল খান প্রমুখ অংশগ্রহণ করেন।